মেহেরপুরের গড় পুকুরে সৌন্দর্য বর্ধনে বৃক্ষরোপণ

মেহেরপুর পৌরসভা ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উদ্যোগে মেহেরপুরের ঐতিহ্যবাহী গড় পুকুরের সৌন্দর্য বৃদ্ধির জন্য নানা প্রজাতির গাছ লাগানো হয়েছে।

আজ (১৪ নভেম্বর) বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার দিকে শহরের গড় পুকুরের চারপাশে এ বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন পৌর সভার প্রশাসক ও স্থানীয় সরকারের উপপরিচালক মোঃ শামীম হোসেন।

এসময় তিনি বলেন, পুকুরের চারপাশে বৃক্ষরোপণ কার্যক্রমের মাধ্যমে এলাকার প্রাকৃতিক সৌন্দর্য বাড়ানোর পাশাপাশি স্থানীয়দের জন্য একটি স্বাস্থ্যকর ও মনোরম পরিবেশ তৈরি করার চেষ্টা করা হচ্ছে।

এছাড়াও এসময় পৌর নির্বাহী কর্মকর্তা জি এম ওবায়দুল্লাহ, সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, সমাজ উন্নয়ন কর্মকর্তা খন্দকার জাহিদুল হক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন মেহেরপুর জেলা শাখার যুগ্ম আহ্ববায়ক তামিম ইসলাম, আশিকুর রহমান শিশিরসহ শিক্ষার্থী ও স্বেচ্ছাসেবকরা উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপণের ফলে পুকুরের পরিবেশ আরও সবুজ ও মনোরম হবে বলে আশাবাদী সংশ্লিষ্টরা।